

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৫০.২৪.০০৮.১৭ -১০৬৮

তারিখঃ ০৬/০৮/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ জরুরী ভিত্তিতে পাসপোর্ট প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে তার অবগতির জন্য জানানো যাচ্ছে চলতি শিক্ষাবর্ষে চীন সরকার বাংলাদেশ হতে ৬৫০জন ছাত্র-ছাত্রীদের চীনের বিভিন্ন প্রতিষ্ঠানে ডিপ্লোমা কোর্সে ভর্তির জন্য স্কলারশীপ প্রদান করেছে। বাংলাদেশ হতে সর্বমোট ৪৩৯ জন ছাত্র-ছাত্রী চীনের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্কলারশীপ পেয়েছে। এজন্য তাদের প্রত্যেকের নামে জরুরীভিত্তিতে পাসপোর্ট ইস্যু করা প্রয়োজন।

২। ইতোমধ্যে চীনা শিক্ষাবর্ষ শুরু হয়ে গেছে। চীনা দুতাবাস হতে আগামি ১০.০৮.২০১৭ খ্রি: তারিখের মধ্যে পাসপোর্টসহ ভিসার জন্য আবেদন করার পরামর্শ দেয়া হয়েছে।

৩। নির্বাচিত ছাত্র-ছাত্রীরা ইতোমধ্যে পাসপোর্ট গ্রহণের জন্য সংশ্লিষ্ট পাসপোর্ট অফিসে আবেদন দাখিল করেছেন।

স্কলারশীপপ্রাপ্ত প্রশিক্ষার্থীরা চায়না হতে অভিজ্ঞতা ও দক্ষতা অর্জনের ফলে বাংলাদেশের কারিগরি শিক্ষার মান উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করবে।

বর্ণিতাবস্থায়, নির্বাচিত ছাত্র/ছাত্রীদের আগামি ১০.০৮.২০১৭ খ্রি: তারিখের মধ্যে জরুরীভিত্তিতে পাসপোর্ট প্রদানের জন্য তার অধিনস্থ আঞ্চলিক পাসপোর্ট অফিসসমূহে নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
(মনজুরুল কাদের)
যুগ্ম সচিব

ও

মহাপরিচালক (রুটিন দায়িত্ব)


মহাপরিচালক
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
আগারগাঁও, ঢাকা

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৫০.২৪.০০৮.১৭ -১০৬৮

তারিখঃ ০৬/০৮/২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ভবন#৮, কক্ষ#২০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০ / সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা / মহা পুলিশ পরিদর্শক, পুলিশ হেড কোয়ার্টার, ৬ ফনিঙ্গ রোড, ফুলবাড়িয়া, ঢাকা-১০০০
২. পুলিশ সুপার, জেলা
৩. অধ্যক্ষ, সকল সরকারি পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (তাকে অবিলম্বে সংশ্লিষ্ট জেলার পুলিশ সুপার এবং আঞ্চলিক পাসপোর্ট অফিসে যোগাযোগের অনুরোধসহ)
৪. অধ্যক্ষ, সকল সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ (তাকে অবিলম্বে সংশ্লিষ্ট জেলার পুলিশ সুপার এবং আঞ্চলিক পাসপোর্ট অফিসে যোগাযোগের অনুরোধসহ)
৫. পরিচালক/উপ-পরিচালক/সহকারী পরিচালক, বিভাগীয়/আঞ্চলিক পাসপোর্ট অফিস, জেলা।
৬. ন্যাশনাল পলিটেকনিক ইনস্টিটিউট/সাইক ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট এন্ড টেকনোলজি/ইনস্টিটিউট অব সায়েন্স ট্রেড এন্ড টেকনোলজি
৭. অভিযান (এনজিও), আদাবর, শ্যামলী, ঢাকা
৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইএমআইএস সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)


(রেজওয়ানুল হক)
ইকুইপমেন্ট অফিসার
ফোন: ৮১৮১২২৬